# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ২৯. ল্যাংড়া শহীদ (الشهيد الأعرج)

‘আমর ইবনুল জামূহ ল্যাংড়া ছিলেন বিধায় তার ব্যাঘ্রসম চার পুত্র জিহাদে যান ও পিতাকে যেতে নিষেধ করেন। কিন্তু তিনি রাসূল (ছাঃ)-কে এসে বললেন, আমি যদি এই ল্যাংড়া পায়ে যুদ্ধ করে নিহত হই, তাহ’লে কি জান্নাত পাব? জবাবে রাসূল (ছাঃ) বললেন, হ্যাঁ পাবে। কিন্তু তোমার জন্য যুদ্ধ মাফ। তখন তিনি বলে উঠলেন, فَوَاللهِ إِنِّي لَأَرْجُو أَنْ أَطَأَ بِعَرْجَتِي هَذِهِ فِي الْجَنَّةِ ‘আল্লাহর কসম! এই ল্যাংড়া পা নিয়েই আজ আমি জান্নাত মাড়াব। তখন রাসূল (ছাঃ) তার ছেলেদের উদ্দেশ্যে বললেন,مَا عَلَيْكُمْ أَنْ لاَ تَمْنَعُوهُ، لَعَلَّ اللهَ أَنْ يَرْزُقَهُ الشَّهَادَةَ ‘তোমরা তাকে নিষেধ করো না। আল্লাহ হয়ত এর মাধ্যমে তাঁকে শাহাদাত দান করবেন’। অতঃপর তিনি যুদ্ধে নামেন ও শহীদ হয়ে যান।[1] অন্য বর্ণনায় এসেছে যে, তার লাশের পাশ দিয়ে যাওয়ার সময় রাসূল (ছাঃ) বলেছিলেন,كَأَنِّى أَنْظُرُ إِلَيْكَ تَمْشِى بِرِجْلِكَ هَذِهِ صَحِيحَةً فِى الْجَنَّةِ ‘আমি যেন তোমাকে দেখতে পাচ্ছি যে, তুমি সুস্থ পা নিয়ে জান্নাতে বিচরণ করছ’ (আহমাদ হা/২২৬০৬, সনদ ‘হাসান’)।

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৯০; আলবানী, ফিক্বহুস সীরাহ ২৬০ পৃঃ সনদ হাসান; যাদুল মা‘আদ ৩/১৮৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন